

1.9.2

গোপালপুরে এখনো চলছে সন্ত্রাসীদের তাণ্ডব

## ইউপি সদস্য কল্পনা রানীর পরিবার ৬ মাস ধরে বাড়ি-ছাড়া ॥ কলেজছাত্রী সোমা ও স্কুলছাত্র শুবর লেখাপড়া বন্ধ

টাঙ্গাইল থেকে জেলা ব্যাডমিন্টন পরিবেশক গোপালপুর উপজেলায় বিএনপি সন্ত্রাসীদের জুলুম-নির্যাতন এখনো অব্যাহত রয়েছে। চলছে লুটপাট, ভাঙচুর ও চাঁদাবাজি। সংখ্যালঘু সম্প্রদায় এবং আওয়ামী লীগের নেতা-কর্মী-সমর্থকরা প্রতিনিয়তই হচ্ছেন সন্ত্রাসের শিকার। নির্বাচনের পর থেকে দীর্ঘ ৬ মাস যাবৎ ঝাওয়াইল ইউনিয়ন পরিষদ সদস্য কল্পনা রানী দেব (৪২) ঘর-বাড়ি ছেড়ে পালিয়ে বেড়াচ্ছেন স্বামী সন্তান নিয়ে। সন্ত্রাসী রশিদ-হাকিম-জাহাঙ্গীর বাহিনী তাদের জীবননাশের ভয় দেখিয়ে দেশ ছাড়ার হুমকি দিয়েছে। চালাচ্ছে দেব পরিবারের ঘরবাড়ি জায়গা জমি জবরদখলের ষড়যন্ত্র। দেব পরিবার ছাড়ুও আরো সংখ্যালঘু এবং শত শত আওয়ামী লীগ-নেতা-কর্মী সমর্থক ৪ দলীয় জোট সন্ত্রাসীদের হুমকির মুখে পালিয়ে বেড়াচ্ছে। গোপালপুরের ঝাওয়াইল ইউনিয়নের কয়েকটি গ্রাম ঘুরে এ খবর পাওয়া গেছে।

গত মঙ্গলবার দুপুরে 'সংবাদ' প্রতিনিধি ঝাওয়াইল ইউনিয়নের দড়িমরা গ্রামে গেলে নাম প্রকাশে অনিচ্ছুক গ্রামবাসী এলাকার ইউপি সদস্য কল্পনা রানী দেবের পরিবারের ওপর বিএনপি সন্ত্রাসী রশিদ-হাকিম-জাহাঙ্গীর বাহিনীর নির্মম জুলুম-নির্যাতনের বর্ণনা দেন। তারা জানান, তত্ত্বাবধায়ক সরকারের আমল থেকেই এই নিরীহ সংখ্যালঘু পরিবারের ওপর চলছে অত্যাচার ও নির্যাতন। গত ১৬ই সেপ্টেম্বর গভীর রাতে সন্ত্রাসী রশিদ ও হাকিমের নেতৃত্বে ১৯/২০ জনের একদল দুর্বৃত্ত কল্পনার

বাড়িতে হামলা চালায় এবং তাকে বেধড়ক মারপিট করে ও নগদ টাকা-স্বর্ণালঙ্কারসহ বিপুল মালামাল লুট করে নিয়ে যায়। এ ব্যাপারে গোপালপুর থানায় মামলা হলেও পুলিশ সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে নীরব থাকে। ১লা অক্টোবর নির্বাচনের দিন রাতে একই সন্ত্রাসী বাহিনী দ্বিতীয় দফা হামলা চালায় কল্পনা রানীর বাড়িতে। এইদিন স্বামী-সন্তানসহ পেছনের দরজা দিয়ে পালিয়ে কল্পনা রানী আত্মরক্ষা করেন এবং পরদিন থেকেই ঘরবাড়ি ছেড়ে অন্যত্র চলে যান। এই ঘটনার পর থেকে দীর্ঘ ছয় মাস যাবৎ কল্পনার স্বামী হারানি দেব, মেয়ে কলেজছাত্রী সোমা এবং ছেলে স্কুলছাত্র শুবর আর বাড়ি ফিরতে পারেনি। কল্পনা মাঝেমাঝে বাড়ির খবর নিতে এলে রশিদ-হাকিম বাহিনী তাকে জীবননাশের ভয় দেখিয়ে দেশ ত্যাগের হুমকি দিয়েছে। এ ব্যাপারে গোপালগঞ্জ থানায় একাধিক জিডি করা সত্ত্বেও পুলিশ সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি। উপরন্তু সন্ত্রাসী জাহাঙ্গীরের নেতৃত্বে কয়েকজন দুর্বৃত্ত তাদের ভয়ে পালিয়ে থাকা কল্পনার স্বামী হারান দেবের খোঁজ পেয়ে একটি সাদা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সহ নিয়েছে অস্ত্রের মুখে। এই সহ নিয়ে সন্ত্রাসীরা হারান দেবের ঘর-বাড়ি জায়গা-জমি জবরদখল করার পায়তারা করছে। গ্রামবাসী জানান, বিএনপি ক্যাডার রশিদ ও রাজাকার হাকিম গং কল্পনা রানীকে মামলা ও জিডি তুলে মেয়ার এবং মোটা অংকের চাঁদা দেয়ার দাবি করেছে। এ দাবি মানা না হলে

কল্পনার পরিবারের জায়গা-জমি দখল করে দেশছাড়া করা হবে বলে হুমকিও দেয়া হয়েছে। গ্রামবাসী জানান, এর আগেও বিএনপি সরকারের আমলে কল্পনার স্বামী হারান দেবের শরিক গুপি দেবকে একই কায়দায় গ্রামছাড়া করা হয়েছে। হাকিম গুপির বোন কৃষ্ণা দেবকে জোর করে অপহরণ করে ধর্মান্তরিত করে বিয়ে করেছে। এরপর গুপি আলাউদ্দিন নামক এক বিএনপি সমর্থকের কাছে জায়গাজমি হস্তান্তর করে গ্রাম ছেড়ে চলে গেছে। এখন একই কায়দায় চলছে কল্পনার পরিবারকে গ্রামছাড়া করার ষড়যন্ত্র।

গত বুধবার দুপুরে মধুপুর উপজেলার পশ্চিমা গ্রামে এক আত্মীয়ের বাড়িতে আশ্রয় গ্রহণকারী কল্পনার স্বামী হারান দেবের সঙ্গে আলাপ হয়। এই প্রতিনিধির হার্টের রোগী হারান দেব কান্না জড়িত কণ্ঠে জানান, নিজের ঘর-বাড়ি ছেড়ে রিফিউজির মতো ঘুরতে আর ভাল লাগে না। কি দৌষ করেছে আমি ও আমার পরিবার? তবে কেন এই জুলুম-নির্যাতন? তিনি সরকারের কাছে তার পরিবারের পূর্ণ নিরাপত্তা দেয়ার এবং নিজের বাড়ি-ঘরে ফেরার ব্যবস্থা করার দাবি জানান। এ সময় কল্পনা রানীর মেয়ে কলেজছাত্রী সোমা দেব ও ছেলে স্কুলছাত্র শুবর জানান, ৬ মাস যাবৎ তাদের পড়ালেখা বন্ধ। তারা নিজেদের ঘর-বাড়িতে নিরাপদে ফিরতে চায়। যারা তাদের ওপর জুলুম-নির্যাতন করছে, তাদের বিচার চায়।